যায়যায়দিন

তারিখ ... 25 AUG 2008
পৃ - ৩ কলাম - ৪

# ঢাবি উপাচার্য-উপউপাচার্যের পদত্যাগ দাবি নীল দলের

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপউপাচার্য ও কোষাধ্যক্ষকে পদ থেকে সরে যাওয়ার দাবি জানিয়েছেন আওয়ামী লীগ বামপন্থী নীল দলের শিক্ষকরা। তাদের পদ থেকে সরানো না হলে আগামী শিক্ষক সমিতি নির্বাচন বর্জনের হুমকিও দিয়েছে নীল দল। গতকাল বিশ্ববিদ্যালয় ক্লাবে এক সংবাদ সম্মেলনে শিক্ষকরা এ দাবি জানান। সংবাদ সম্মেলনে নীল দলের শিক্ষক নেতারা বলেন, তত্ত্বাবধায়ক সরকারের আমলে সর্বক্ষেত্রে জোট সরকারের নিয়োগকৃত দলবাজ প্রশাসনকে সরিয়ে দেয়া হলেও ঢাবি এর বাইরে থেকে গেছে। বিগত অর্ধযুগের ধারাবাহিকতায় ডিন নির্বাচনে এ প্রশাসন দলীয়করণের চরম পর্যায়ে উপনীত হয়েছে। তাই এ প্রশাসনের পরিবর্তন প্রয়োজন।

লিখিত বক্তব্যে নীল দলের আহ্বায়ক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. হারুন-অর-রশীদ বলেন, 'জোট সরকারের নিয়োগকৃত বর্তমান প্রশাসন বিভিন্ন সময়ে বিভাগ ও ইনস্টিটিউটের শিক্ষক নিয়োগ প্রশাসনের বিভিন্ন ক্ষেত্রে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ, বাসা বরাদ্দ ইত্যাদি ক্ষেত্রে চরম অনিয়ম ও দলীয়করণ করেছে। সর্বশেষে ডিন নির্বাচনে কমিশনার হিসেবে দায়িত্ব পালনকারী সৈয়দ আবুল কালাম আজাদ নির্লজ্জভাবে সাদা দলের পক্ষে কাজ করেছেন। একই ভূমিকায় ছিলেন স্বয়ং প্রোভিসিও।

এ সময় শিক্ষক সমিতির সাবেক সভাপতি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আনোয়ার হোসেন, সাবেক সাধারণ সম্পাদক ড. মো. আখতারুজ্জামান সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন।